# নির্বাচন কমিশন বার্তা

www.ecs.gov.bd

৯ম বর্ষ | ৩৭ তম সংখ্যা | জানুয়ারি- মার্চ ২০১৯


## জাতীয় ভোটার দিবস ২০১৯

বাংলাদেশে প্রথমবারের মত ০১ মার্চ ২০১৯ তারিখে 'ভোটার হব ভোট দেব' প্রতিপাদ্যকে সামনে রেখে জাতীয় ভোটার দিবস পালন করা হয়েছে। ব্যাপক উৎসাহ-উদ্দীপনা ও আনন্দঘন পরিবেশের মধ্যদিয়ে ঢাকাসহ সারাদেশে যথাযথভাবে দিবসটি পালন করা হয়। ভোটার দিবস উপলক্ষে বিভাগীয়, জেলা ও উপজেলা পর্যায়ে বর্ণাঢ্য র‍্যালি, আলোচনাসভাসহ নানামুখি কর্মসূচি গ্রহণ করা হয়।

জাতীয় ভোটার দিবসের তাৎপর্য ও গুরুত্বের বিষয়ে ১ মার্চ ২০১৯ তারিখে মাননীয় প্রধান নির্বাচন কমিশনার জনাব কে এম নূরুল হুদা এর সভাপতিত্বে নির্বাচন ভবনের অডিটরিয়ামে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি জনাব মোঃ আবদুল হামিদ প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আইন, বিচার ও সংসদ বিষয়ক মাননীয় মন্ত্রী জনাব আনিসুল হক, এমপি। অনুষ্ঠানে মাননীয় নির্বাচন কমিশনারগণও বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। নির্বাচন কমিশন সচিবালয়ের সম্মানিত সচিব জনাব হেলালুদ্দীন আহমদ অনুষ্ঠানের মূল প্রবন্ধ উপস্থাপন করেন।




*জাতীয় ভোটার দিবস ২০১৯ উপলক্ষে আলোচনা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য দিচ্ছেন মহামান্য রাষ্ট্রপতি জনাব মোঃ আবদুল হামিদ*

প্রধান অতিথির বক্তব্যে মহামান্য রাষ্ট্রপতি প্রবাসী বাংলাদেশীরা যাতে প্রতিটি নির্বাচনে তাদের ভোটাধিকার প্রয়োগ করতে পারেন সেজন্য প্রবাসীদের ভোটার তালিকায় অন্তর্ভুক্ত করার বিষয়ে নির্বাচন কমিশনের প্রতি আহ্বান জানান। মহামান্য রাষ্ট্রপতি বলেন, বাংলাদেশের প্রায় ১ কোটি লোক প্রবাসে অবস্থান করেন এবং তারা বৈদেশিক মুদ্রা প্রেরণের মাধ্যমে দেশের অর্থনীতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছেন। এদের অনেকেরই জাতীয় পরিচয়পত্র নেই। প্রবাসী বাংলাদেশীরা যাতে পরিচয়পত্র পেতে পারেন সেজন্য বিশেষ উদ্যোগ নেওয়া প্রয়োজন বলে তিনি মনে করেন।

মহামান্য রাষ্ট্রপতি বলেন, নাগরিকদের জাতীয় পরিচয়পত্র প্রদানের মাধ্যমে নির্বাচন কমিশন গুরুত্বপূর্ণ জাতীয় দায়িত্ব পালন করছে। এনআইডি ডাটাবেজ ব্যবহার করে সরকারি চাকরিজীবীদের বেতন-ভাতা, পেনশন প্রদান করা সহজ হচ্ছে। এছাড়া সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় মুক্তিযোদ্ধা, বয়স্ক ও বিধবাসহ সকল ভাতাভোগীকে সহজে সেবা দেওয়া হচ্ছে। বর্তমানে ব্যাংকে হিসাব খোলা থেকে শুরু করে বিয়ে, জমির মালিকানা বদল, স্কুলে ভর্তি, পাসপোর্ট তৈরিসহ বিভিন্ন সেবা প্রদানের ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্র ব্যবহৃত হচ্ছে। সরকারের ডিজিটাল বাংলাদেশ কর্মসূচির অন্যতম প্লাটফর্মে পরিণত হয়েছে এনআইডি ডাটাবেইজ। আর এ কারণে তিনি নির্বাচন কমিশনকে আন্তরিক ধন্যবাদ জানান।

এর আগে ভোটার দিবস উপলক্ষে সকাল ৯:০০ টায় ঢাকায় জাতীয় সংসদ ভবনের সামনে থেকে এক বর্ণাঢ্য শোভাযাত্রা বের করা হয় যা বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন

### এ সংখ্যায় যা আছে


- জাতীয় ভোটার দিবস ২০১৯
- ঢাকা সিটি কর্পোরেশন নির্বাচন ২০১৯
- উপজেলা পরিষদ নির্বাচন ২০১৯
- ভাষা শহীদদের প্রতি মাননীয় কমিশনের শ্রদ্ধা নিবেদন
- বার্ষিক বনভোজন ও প্রীতি সম্মিলন ২০১৯
- নিয়োগ, বদলি, পদোন্নতি, অবসর
- বিদেশ ভ্রমণ
- প্রশিক্ষণ
- নির্বাচন কমিশন সভার গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত
- মাসিক সমন্বয় সভা
- শোক সংবাদ


বাংলাদেশ নির্বাচন কমিশন





*নতুন ভোটারের হাতে জাতীয় পরিচয়পত্র তুলে দিচ্ছেন মহামান্য রাষ্ট্রপতি জনাব মোঃ আবদুল হামিদ*

কেন্দ্রের সামনে গিয়ে শেষ হয়। মাননীয় প্রধান নির্বাচন কমিশনার জনাব কে এম নূরুল হুদা, মাননীয় নির্বাচন কমিশনার জনাব মাহবুব তালুকদার, মাননীয় নির্বাচন কমিশনার জনাব মোঃ রফিকুল ইসলাম, মাননীয় নির্বাচন কমিশনার বেগম কবিতা খানম, মাননীয় নির্বাচন কমিশনার ব্রিগে. জেনা. শাহাদাত হোসেন চৌধুরী (অব). এবং নির্বাচন কমিশন সচিবালয়ের সম্মানিত সচিব জনাব হেলালুদ্দীন আহমদ শোভাযাত্রায় অংশগ্রহণ করেন। এছাড়াও সমাজের বিভিন্ন শ্রেণী পেশার মানুষ এতে অংশগ্রহণ করেন।

র‍্যালিতে যোগ দিয়ে মাননীয় প্রধান নির্বাচন কমিশনার জনাব কে এম নূরুল হুদা বলেন, ‘ভোটার হব, ভোট দেব’ প্রতিপাদ্যকে সামনে রেখে দেশে প্রথমবারের মত জাতীয় ভোটার দিবস উদযাপন করা হচ্ছে। ভোটার দিবস উদযাপনের মূল উদ্দেশ্য হচ্ছে নিবন্ধনযোগ্য ভোটারদেরকে ভোটার তালিকায় নাম অন্তর্ভুক্ত করা। আশা করা যায় প্রতিবছর ১মার্চ জাতীয় ভোটার দিবস উদযাপন সে উদ্দেশ্যকে সফল করতে সহায়তা করবে।

কেন্দ্রীয়ভাবে রাজধানী ঢাকার পাশাপাশি উৎসবমুখর পরিবেশে ১মার্চ ২০১৯ তারিখে দেশজুড়ে বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ে র‍্যালি, আলোচনাসভা ইত্যাদির মাধ্যমে গণতন্ত্র, নির্বাচন ও ভোটাধিকার বিষয়ে জনসাধারণকে বিশেষ করে তরুণদেরকে সচেতন করে তুলতে জাতীয় ভোটার দিবস পালন করা হয়।

ভোটার দিবস উপলক্ষে ব্যাপক প্রচারের জন্য নানামুখি কর্মসূচি গ্রহণ করা হয়। দেশজুড়ে পোস্টার, লিফলেট বিতরণ করা হয়। জাতীয় ভোটার দিবস উপলক্ষে জাতীয় দৈনিকে বিশেষ ক্রোড়পত্র প্রকাশ করা হয়। ভোটার দিবসের স্মৃতিকে ধরে রাখতে একটি স্মরণিকা প্রকাশ করা হয়।

উল্লেখ্য, পৃথিবীর বিভিন্ন গণতান্ত্রিক দেশে বিশেষ করে সার্কভুক্ত দেশ এবং FEMBoSA এর প্রতিনিধিত্বকারী দেশ হিসেবে জাতীয়ভাবে ভোটার দিবস উদযাপনের জন্য বর্তমান নির্বাচন কমিশন দিবসটি পালনের সিদ্ধান্ত গ্রহণ করে। নির্বাচন কমিশনের প্রস্তাবের প্রেক্ষিতে সরকার ১মার্চ কে জাতীয় ভোটার দিবস হিসেবে ঘোষণা করে।

২০১৩ সালে সার্কভুক্ত দেশগুলির নির্বাচন বিষয়ক সংগঠন FEMBoSA এর চুতর্থ সভার সিদ্ধান্ত অনুসারে সদস্য দেশগুলি জাতীয়ভাবে ভোটার দিবস পালনের সিদ্ধান্ত গ্রহণ করে। এরপর ভোটার দিবস উদযাপনের ব্যাপারে চিন্তা ভাবনা শুরু হয়। নির্বাচন কমিশন সচিবালয় এর সচিব জনাব হেলালুদ্দীন আহমদ বিষয়টি কমিশন সভায় উপস্থাপন করলে মাননীয় কমিশন এ বিষয়ে নীতিগত সম্মতি প্রদান করেন। এরপর জাতীয় ভোটার দিবস উদযাপনের বিষয়টি মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হলে মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে মন্ত্রিপরিষদ বিভাগের ০৪.০০.০০০০.৪১৬.২৩.০০১.১৭.৩১৯ নম্বর স্মারকে ৮ এপ্রিল ২০১৮ তারিখে অনুষ্ঠিত সভায় তা সরকারের অনুমোদন লাভ করে।

মার্চ মাসেই বাংলাদেশের স্বাধীনতার ভিত্তি রচিত হয় এবং দেশ প্রেমিক শহীদদের আত্মদানের বিনিময়ে জাতীয় জীবনে একটি গৌরবময় অধ্যায়ের সূচনা হয়। শহীদদের রক্তে রাঙানো মাসটি মুক্তিযুদ্ধের সূচনার জন্য গৌরবময় ও পবিত্রতম হওয়ায় ১ মার্চ তারিখকে জাতীয় ভোটার দিবস হিসেবে উদযাপনের জন্য বেছে নেয়া হয়েছে। প্রতি বছর জাতীয় ভোটার দিবস উদযাপন গণতন্ত্র, নির্বাচন ও ভোটাধিকার বিষয়ে সাধারণ জনগণ ও তরুণদের মধ্যে সচেতনতা সৃষ্টিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে বলে সংশ্লিষ্টরা মনে করেন।

## ঢাকা সিটি কর্পোরেশন নির্বাচন ২০১৯

সম্পূর্ণ শান্তিপূর্ণ ও উৎসবমুখর পরিবেশে ২৮ ফেব্রুয়ারি ২০১৯ তারিখে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মেয়র পদে উপনির্বাচন এবং ঢাকা উত্তর ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের



*ঢাকা সিটি কর্পোরেশন নির্বাচনে ৩২ নং ওয়ার্ডের একটি কেন্দ্রে ভোট গণনা চলছে*

সম্প্রসারিত ৩৬টি ওয়ার্ডের কাউন্সিলর এবং সংরক্ষিত ওয়ার্ডের কাউন্সিলর পদের নির্বাচন অনুষ্ঠিত হয়। ঢাকা উত্তর সিটির মেয়র পদে উপনির্বাচনে বিজয়ী হয়েছেন আওয়ামী লীগ মনোনীত প্রার্থী জনাব মোঃ আতিকুল ইসলাম। তিনি মোট ৮ লাখ ৩৯ হাজার ৩০২ ভোট পান। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী জাতীয় পার্টি মনোনীত প্রার্থী জনাব শাফিন আহমেদ লাঙ্গল প্রতীক নিয়ে পান ৫২ হাজার ৪২৯ ভোট। তাঁদের ভোটের ব্যবধান ৭ লাখ ৮৬ হাজার ৮৭৩। অপর তিন মেয়র প্রার্থীর মধ্যে ন্যাশনাল পিপলস পার্টির জনাব মোঃ আনিসুর রহমান দেওয়ান আম প্রতীকে পান ৬ হাজার ১৫১ ভোট। স্বতন্ত্র প্রার্থী জনাব মোঃ আব্দুর রহিম টেবিল ঘড়ি প্রতীকে পান ৮ হাজার ৪০৪ ভোট এবং পিপলস ডেমোক্রেটিক পার্টির (পিডিপি) জনাব শাহীন খান বাঘ প্রতীকে পান ৫ হাজার ৮২১ ভোট।

ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মোট ভোটার ছিল ৩০ লাখ ৩৫ হাজার ৬২১জন। মোট ভোটকেন্দ্র ছিল ১২৯৫ টি। উল্লেখ্য, ২০১৭ সালের ৩০ নভেম্বর ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মেয়র জনাব আনিসুল হক মুত্যুবরণ করেন। এরপর শুন্য ঘোষিত সিটিতে ২০১৮ সালের ফেব্রুয়ারি মাসে মেয়র পদে উপনির্বাচনের তফসিল ঘোষণা করে নির্বাচন কমিশন।

## উপজেলা পরিষদ নির্বাচন ২০১৯

অবাধ, সুষ্ঠু ও শান্তিপূর্ণ পরিবেশে পঞ্চম উপজেলা পরিষদ এর সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হয়। ৫ ধাপে মোট ৪৬০ টি উপজেলা পরিষদ নির্বাচন এর তফসিল ঘোষণা করা হয় এর মধ্যে ভোটগ্রহণ অনুষ্ঠিত হয় ৪২৯টি উপজেলার। উপজেলা চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান পদে নির্বাচন অনুষ্ঠিত হয়। প্রথম ধাপে ১০ মার্চ ২০১৯, ২য় ধাপে ১৮ মার্চ , ৩য় ধাপে ২৪ মার্চ এবং ৪র্থ ধাপে ৩১ মার্চ ২০১৯ তারিখে উপজেলা পরিষদ নির্বাচন অনুষ্ঠিত হয়। পঞ্চম ধাপের নির্বাচন ১৮ জুন ২০১৯ তারিখে অনুষ্ঠিত হবে। প্রথমবারের মতো উপজেলা পরিষদ এর নির্বাচন দলীয় ভিত্তিতে অনুষ্ঠিত হয়। প্রথম ধাপে রংপুর, ময়মনসিংহ, সিলেট ও রাজশাহী বিভাগের ৭৮ টি উপজেলা পরিষদ এর নির্বাচন অনুষ্ঠিত হয়। প্রথম ধাপে মোট ভোটার ছিল ১ কোটি ১০ লাখ ৫২ হাজার ৬৩ জন।

দ্বিতীয় ধাপে রংপুর, রাজশাহী, সিলেট, ঢাকা ও চট্টগ্রাম বিভাগের ১১৬টি উপজেলা পরিষদ এর নির্বাচন অনুষ্ঠিত হয়। দ্বিতীয় ধাপে ভোটার ছিল ১ কোটি ৪৫ লাখ ১১ হাজার ৯০৭ জন।



*উপজেলা পরিষদ নির্বাচনে ভোটারদের দীর্ঘ লাইন*

তৃতীয় ধাপে রাজশাহী, খুলনা, বরিশাল, ময়মনসিংহ, ঢাকা ও চট্টগ্রাম বিভাগের মোট ১১৬টি উপজেলা পরিষদ এর নির্বাচন অনুষ্ঠিত হয়। তৃতীয় ধাপে মোট ভোটার ছিল ১ কোটি ৮২ লাখ ১ হাজার ৭৭০ জন।

চতুর্থ ধাপে বরিশাল, খুলনা, ময়মনসিংহ, ঢাকা ও চট্টগ্রাম বিভাগের ১০৭টি উপজেলা পরিষদ এর নির্বাচন অনুষ্ঠিত হয়। চতুর্থ ধাপে মোট ভোটার ছিল ১ কোটি ৬৫ লাখ ৮৯ হাজার ৬৮১ জন।

## ভাষা শহীদদের প্রতি মাননীয় কমিশনের শ্রদ্ধা নিবেদন

একুশে ফেব্রুয়ারি প্রথম প্রহরে ঢাকা কেন্দ্রীয় শহীদ মিনারে ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন মাননীয় নির্বাচন কমিশন। মাননীয় নির্বাচন কমিশনার জনাব মাহবুব তালুকদার, মাননীয় নির্বাচন কমিশনার জনাব মোঃ রফিকুল ইসলাম, মাননীয় নির্বাচন কমিশনার বেগম কবিতা খানম ও মাননীয় নির্বাচন কমিশনার ব্রিগে. জেনা. শাহাদাত হোসেন চৌধুরী (অব.) এবং নির্বাচন কমিশন সচিবালয়ের সম্মানিত সচিব জনাব হেলালুদ্দীন আহমদ শহীদ বেদীতে পুষ্পমাল্য অর্পন করে ভাষা শহীদদের স্মরণে এ সময় এক মিনিট নীরবতা পালন করেন।



*একুশে ফেব্রুয়ারি প্রথম প্রহরে ঢাকা কেন্দ্রীয় শহীদ মিনারে ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন মাননীয় নির্বাচন কমিশন*

## বার্ষিক বনভোজন ও প্রীতি সম্মিলন ২০১৯

নির্বাচন কমিশন এর কর্মকর্তা-কর্মচারী ও পরিবারবর্গের সমন্বয়ে ২০১৯ সালের শুরুতে মোট দুটি বার্ষিক বনভোজন ও প্রীতি সম্মিলন অনুষ্ঠিত হয়। এর প্রথমটি ২৫ জানুয়ারি ২০১৯ নারয়ণগঞ্জ জেলার সোনারগাঁও লোক ও কারুশিল্প জাদুঘর চত্বরে আয়োজন করা হয় আর দ্বিতীয়টি হয় ৮ ফেব্রুয়ারি ২০১৯ গাজীপুরের শ্রীপুরে অবস্থিত বাংলাদেশ মেশিন ট্যুলস ফ্যাক্টরি চত্বরে। প্রীতি সম্মিলনে বিভিন্ন ধরণের খেলাধুলা, র‍্যাফেল ড্র ও মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।



## নিয়োগ, বদলি, পদোন্নতি, অবসর

জানুয়ারি-মার্চ, ২০১৯ সময়ে যুগ্মসচিব (প্রশাসন ও অর্থ) ও যুগ্মসচিব (আইন) কে প্রেষণে এবং ১জন লাইব্রেরিয়ানকে নির্বাচন কমিশন সচিবালয়ে নিয়োগ দেয়া হয়েছে। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা ০১ জন, পরিচালক ০২ জন, উপপরিচালক ০১ জন, জেলা নির্বাচন কর্মকর্তা ০৮ জন, অতিরিক্ত আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা ০৩ জন উপজেলা নির্বাচন কর্মকর্তা ২৯ জন এবং ০৬ জন নির্বাচন কর্মকর্তাকে বদলি/পদায়ন করা হয়েছে। একই সময়ে যুগ্মসচিব পদে ০১ জন, আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা পদে ০১ জন, উপসচিব পদে ০৪ জন, সিনিয়র সহকারী সচিব পদে ০৮ জন কর্মকর্তাকে পদোন্নতি এবং ০৩ জনকে জেলা নির্বাচন কর্মকর্তা পদে চলতি দায়িত্ব প্রদান করা হয়েছে। জনাব মোঃ মজিবর রহমান, আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, খুলনা, জনাব মোঃ আব্দুল মোতালেব, অতিরিক্ত আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ফরিদপুর এবং বেগম নাজমা বেগম, সহকারী পরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউটকে অবসর প্রদান ও সৈয়দ মোঃ খুরশিদ আনোয়ার, মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট এর পেনশন ও আনুতোষিক প্রদান করা হয়েছে।

## বিদেশ ভ্রমণ

মাননীয় প্রধান নির্বাচন কমিশনার জনাব কে এম নূরুল হুদা গত ২৩-২৮ জানুয়ারি ২০১৯ ভারতের National Voters Day উপলক্ষে ভারত সফর করেন। এ সময় নির্বাচন কমিশন সচিবালয়ের যুগ্মসচিব জনাব ফরহাদ আহাম্মদ খান তাঁর সফরসঙ্গী ছিলেন। এছাড়াও তিনি গত ২০-২৪ ফেব্রুয়ারি ২০১৯ সময়ে "7th Executive Board Meeting of A-WEB" এ অংশগ্রহণের জন্য বুলগেরিয়া ও তুরস্ক সফর করেন।

মাননীয় নির্বাচন কমিশনার ব্রিগেডিয়ার জেনারেল শাহাদাত হোসনে চৌধুরী (অব). গত ১৩-১৬ মার্চ ২০১৯ "Feasibility Study of Expatriate Voter Registration of Singapore" এ অংশগ্রহণের জন্য সিঙ্গাপুর সফর করেন এছাড়া তিনি ২৫-২৯ মার্চ ২০১৯ "9th Annual Meeting of Election Management Bodies" শীর্ষক কর্মশালায় অংশগ্রহণের জন্য জর্জিয়া সফর করেন।



*ভারতের জাতীয় ভোটার দিবসের অনুষ্ঠানে বক্তব্য রাখছেন মাননীয় প্রধান নির্বাচন কমিশনার জনাব কে এম নূরুল হুদা*

নির্বাচন কমিশন সচিবালয়ের সম্মানিত সচিব জনাব হেলালুদ্দীন আহমদ এর নেতৃত্বে ৪ সদস্যের প্রতিনিধি দল ৩-৯ মার্চ ২০১৯ সময়ে প্রবাসীদের ভোটার করার লক্ষ্যে "Feasibility Study Tour to Singapore" উপলক্ষে সিঙ্গাপুর সফর করেন। এ সময় তাঁর সফরসঙ্গী হিসেবে জনাব মোঃ আবদুল বাতেন, পরিচালক (অপারেশন্স), জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, জনাব মোঃ মাশায়েখ হোসেন, উইং কমান্ডার, আইডিয়া প্রকল্প এবং বেগম ফারজানা আক্তার, সিস্টেম এনালিস্ট, নির্বাচন কমিশন সচিবালয় সিঙ্গাপুর ভ্রমণ করেন।

## প্রশিক্ষণ

নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট (ইটিআই) নির্বাচন কমিশন সচিবালয়ের নিজস্ব কর্মকর্তা ও কর্মচারীদের দক্ষতা বৃদ্ধি এবং মান উন্নয়নে প্রশিক্ষণ প্রদানসহ বিভিন্ন নির্বাচনের ভোটগ্রহণ কর্মকর্তাদের প্রশিক্ষণ দিয়ে আসছে। জানুয়ারি হতে মার্চ ২০১৯ সময়ে নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউটে ও মাঠ পর্যায়ে বাস্তবায়িত বিভিন্ন প্রশিক্ষণের মধ্যে পঞ্চম উপজেলা পরিষদ নির্বাচন উপলক্ষে ১ম-৪র্থ পর্যায়ে কমিশন কর্তৃক নিয়োগপ্রাপ্ত মোট ৫০৪ জন রিটার্নিং ও সহকারী রিটার্নিং অফিসারকে ২১ ব্যাচে ব্রিফিং/প্রশিক্ষণ প্রদান করা হয়। এছাড়া ভোটগ্রহনকারী কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে নির্বাচন কমিশন সচিবালয় ও মাঠপর্যায়ের ২২ ব্যাচে মোট ৫৬০ জন কর্মকর্তাকে ToT শীর্ষক প্রশিক্ষণ নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট হতে প্রদান করা হয়। এছাড়া ৩য় ও ৪র্থ পর্যায়ে ১০টি জেলার সদর উপজেলার ভোটগ্রহণকারী কর্মকর্তাদের ইলেক্ট্রনিক ভোটিং মেশিন (ইভিএম) এর মাধ্যমে ভোটগ্রহণে দক্ষতা অর্জন এবং ভোটারদের ইভিএম এর মাধ্যমে ভোটদান প্রক্রিয়া হাতে কলমে প্রদর্শনে প্রদর্শকদের দক্ষতা অর্জনের জন্য প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে নির্বাচন কমিশন সচিবালয় ও মাঠপর্যায়ের ১১ ব্যাচে ২৭৫ জন কর্মকর্তাকে EVM সংক্রান্ত ToT প্রশিক্ষণ প্রদান করা হয়।



*ঢাকা উত্তর সিটি কর্পোরেশন নির্বাচন উপলক্ষে আয়োজিত প্রশিক্ষণের উদ্বোধনী অনুষ্ঠান শেষে মাননীয় কমিশনের সাথে প্রশিক্ষণার্থীবৃন্দ*

## নির্বাচন কমিশন সভার গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত

জানুয়ারি-মার্চ, ২০১৯ সময়ে মাননীয় কমিশনের ০৫ টি সভা অনুষ্ঠিত হয়। মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় মাননীয় নির্বাচন কমিশনারগণ, সচিব মহোদয় এবং নির্বাচন কমিশন সচিবালয়ের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ অংশগ্রহণ করেন।

**কমিশন সভা নং-৪২/২০১৯**

**গুরুত্বপূর্ণ সিদ্ধান্তসমূহ:**

- জাতীয় সংসদ (সংরক্ষিত মহিলা আসন) নির্বাচন আইন,২০০৪ এর বিধান মোতাবেক রাজনৈতিক দল ও স্বতন্ত্র প্রার্থী হিসেবে নির্বাচিত সংসদ সদস্যগণকে পত্র দিতে হবে।
- বিভাগভিত্তিক ৪টি ধাপে এবং উক্ত ৪টি ধাপে বাদপড়া উপজেলা পরিষদসমূহকে ৫ম ধাপে অন্তর্ভুক্ত করে মোট ৫টি ধাপে নির্বাচন অনুষ্ঠান করতে হবে।

**কমিশন সভা নং-৪৩/২০১৯**

**গুরুত্বপূর্ণ সিদ্ধান্তসমূহ:**

- ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মেয়রের শূন্যপদে উপনির্বাচন, ঢাকা উত্তর ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের সম্প্রসারিত অংশে নবগঠিত ওয়ার্ডসমূহের নির্বাচন এবং ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ০৯ ও ২১ নং ওয়ার্ডের কাউন্সিলরের শূন্যপদে নির্বাচনের ভোটগ্রহণ ২৮ ফেব্রুয়ারি ২০১৯ বৃহস্পতিবার অনুষ্ঠিত হবে।
- ০৩ ফেব্রুয়ারি ২০১৯ তারিখে সংরক্ষিত মহিলা আসনের নির্বাচনের তফসিল ঘোষণা করা হবে।

## মাসিক সমন্বয় সভা

জানুয়ারি-মার্চ, ২০১৯ সময়ে ০৩ টি মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। এতে বিগত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়নের অগ্রগতি প্রতিবেদন এবং শাখাসমূহের নিষ্পন্ন ও অনিষ্পন্ন কাজের বিবরণ তুলে ধরা হয়। প্রতিটি সভা নির্বাচন কমিশন সচিবালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন নির্বাচন কমিশন সচিবালয়ের সচিব জনাব হেলালুদ্দীন আহমদ।

সভায় নির্বাচন কমিশন সচিবালয়ের ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মচারী নিয়োগ, ৫ম উপজেলা পরিষদ নির্বাচন উপলক্ষে প্রশিক্ষণ বাস্তবায়ন, জেলা নির্বাচন অফিস ও উপজেলা নির্বাচন অফিসের জন্য ভবন নির্মাণ, আঞ্চলিক, জেলা ও উপজেলা নির্বাচন অফিস ভবন সম্প্রসারণ, নির্বাচন কমিশন সচিবালয়ের ইন্টেরিয়র ডিজাইন আধুনিকায়ন, জাতীয় পরিচয়পত্র সেবা সংক্রান্ত আবেদন গ্রহণ, নিষ্পত্তি ও মুদ্রণ এবং বিতরণ, আইবাস++ প্রশিক্ষণ বাস্তবায়ন, ৫ম উপজেলা পরিষদ নির্বাচন উপলক্ষে ভোটার তালিকার সিডি প্রস্তুত, মুদ্রণ ও যাচাই, পেপার লেমিনেটেড জাতীয় পরিচয়পত্র বিতরণ, আঞ্চলিক, জেলা ও উপজেলা সার্ভারের ব্যান্ডউইথ বৃদ্ধি, নির্বাচনে ব্যবহৃত ইভিএম মেশিন সংরক্ষণ, নতুন ভোটার নিবন্ধন, অবসরপ্রাপ্ত পেনশনভোগী সরকারি কর্মচারীগণের জাতীয় পরিচয়পত্র সংশোধন আবেদন প্রেরণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। এছাড়া জাতীয় ভোটার দিবস ২০১৯ উদযাপন, নির্বাচন কমিশন সচিবালয়ের নতুন সৃজিত পদের কর্মকর্তাগণের জন্য অফিস কক্ষের ব্যবস্থাকরণ, নবগঠিত ময়মনসিংহ সিটি কর্পোরেশন নির্বাচনের জন্য ভোটার তালিকার সিডি প্রস্তুতকরণ, অবিতরণকৃত জাতীয় পরিচয়পত্র বিতরণ, কেন্দ্রীয়, আঞ্চলিক, জেলা ও উপজেলা সার্ভারের জন্য গ্রামীণ ফোন নেটওয়ার্ক শক্তিশালীকরণ, মাঠপর্যায়ের কার্যালয়ের নষ্ট জেনারেটর নিলামের মাধ্যমে বিক্রয় এবং জাতীয় পর্যায়ের বিভিন্ন দিবসের কর্মসূচিতে অংশগ্রহণ বিষয়ে বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

## শোক সংবাদ



মোঃ আবু তৈয়ব



মিহির কান্তি দত্ত



জাহানারা বেগম



আল-আমিন



বিলকিছ আক্তার



আমির হোসেন



মন্টু চাকমা



মোহাম্মদ বোরহান উদ্দিন



এস. এম. সেলিম হোসেন



রিতা আক্তার

**উপজেলা পরিষদ নির্বাচন ২০১৯ এ দ্বিতীয় ধাপে রাঙামাটি জেলার বাঘাইছড়ি উপজেলা পরিষদ নির্বাচনে নির্বাচনি দায়িত্ব পালন শেষে রিটার্নিং অফিসারের কার্যালয়ে ফেরার সময় ১৮ মার্চ ২০১৯ তারিখ সন্ধ্যায় সন্ত্রাসীদের হামলায় ৭ জন নির্বাচন সংশ্লিষ্ট কর্মকর্তা নিহত হন। এদের মধ্যে ২ জন ভোটগ্রহণকারী কর্মকর্তা, ৪ জন আনসার সদস্য এবং ২ জন পোলিং এজেন্ট। নিহতরা হলেন (১) জনাব মোঃ আবু তৈয়ব, সহকারী শিক্ষক, নিউ লাল্যাঘোনা সরকারী প্রাথমিক বিদ্যালয় (২) জনাব আমির হোসেন, সহকারী শিক্ষক, কিশলয় সরকারী প্রাথমিক বিদ্যালয় (৩) জনাব মিহির কান্তি দত্ত, দলনেতা (পিসি), বঙ্গলতলী ইউনিয়ন আনসার ও ভিডিপি অফিস (৪) জনাব আল-আমিন, ভিডিপি সদস্য, আনসার ও ভিডিপি অফিস, বাঘাইছড়ি (৫) মোসাঃ বিলকিছ, ইউনিয়ন দলনেত্রী, আমতলী ইউনিয়ন আনসার ও ভিডিপি অফিস (৬) মোছাঃ জাহানারা বেগম, আনসার ও ভিডিপি অফিস, বাঘাইছড়ি এবং (৭) জনাব মন্টু চাকমা, পোলিং এজেন্ট (ঘোড়া মার্কা, চেয়ারম্যান প্রার্থী)।**

**এছাড়া বান্দারবান জেলার লামা উপজেলায় নির্বাচনি দায়িত্বপালনের উদ্দেশ্যে নির্বাচনি মালামালসহ ভোটকেন্দ্রে যাওয়ার পথে ১৭ মার্চ ২০১৯ তারিখে হাফিজা বেগম, আনসার ও ভিডিপি সদস্য সড়ক দুর্ঘটনায় পতিত হন। পরে হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি ইন্তেকাল করেন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ২৬ বছর।**

**এছাড়া গত ৩১ মার্চ ২০১৯ তারিখে নারায়ণগঞ্জ জেলার সোনারগাঁ উপজেলা পরিষদ নির্বাচনে নির্বাচনি দায়িত্ব পালন শেষে উপজেলা কার্যালয়ে ফেরার সময় শীতলক্ষা নদীতে কালবৈশাখী ঝড়ের কবলে পড়ে প্রিজাইডিং অফিসারসহ ৩ জন মৃত্যুবরণ করেন। নিহতরা হলেন (১) জনাব মোহাম্মদ বোরহান উদ্দিন, প্রিজাইডিং অফিসার ও ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, মেঘনা ঘাট শাখা, সোনারগাঁ, নারায়ণগঞ্জ (২) জনাব এস এম সেলিম হোসেন, টিএসআই, ট্রাফিক শাখা, নারায়ণগঞ্জ (৩) জনাব রিতা আক্তার, মহিলা আনসার, উপজেলা আনসার ও ভিডিপি অফিস সোনারগাঁ, নারায়ণগঞ্জ।**

**নির্বাচনি দায়িত্বপালনকালে নিহতদের প্রতি বাংলাদেশ নির্বাচন কমিশন ও কমিশন সচিবালয় গভীর শোক প্রকাশ করে এবং নিহতদের শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সহমর্মিতা প্রকাশ করে। এছাড়া নিহতদের পরিবারকে এবং আহতদের যথাযথ ক্ষতিপূরণ দেয়া হবে বলে মাননীয় কমিশন সিদ্ধান্ত গ্রহণ করেছেন।**

**প্রকাশনা ও সম্পাদনা:** এস এম আসাদুজ্জামান, যুগ্মসচিব (জনসংযোগ); ই-মেইল: asad.bec@gmail.com

**নির্বাচন ভবন:** প্লট ই, ১৪/জেড-এ, আগারগাঁও, ঢাকা ১২০৭, ফোন : ৫৫০০৭৫২০, ফ্যাক্স: ৫৫০০৭৫৬৬, web: www.ecs.gov.bd